গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
স্থানীয় সরকার শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪৪.৪৭০০.০০০.০২৪.৩৩.০০০১.২৬-৩৮৩ তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**খুলনা জেলার আন্তঃউপজেলা খেয়া/ট্রলারঘাটসমূহ বাংলা ১৪৩৩ সালের জন্য ৩য় দফায় পুনঃইজারা বিজ্ঞপ্তি:**

স্থানীয় সরকার বিভাগের 'হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন নীতিমালা- ২০০৩' মোতাবেক খুলনা জেলার নিয়ন্ত্রণাধীন খেয়াঘাটসমূহের মধ্যে বাংলা ১৪৩৩ সালে অ-ইজারাকৃত নিম্নবর্ণিত ১০টি আন্তঃউপজেলা খেয়া/ট্রলারঘাট (যেখানে যে অবস্থায় আছে) দখল হস্তান্তরের তারিখ হতে বাংলা ৩০ চৈত্র ১৪৩৩ সাল পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে নির্দিষ্ট ফরমে সীলমোহরকৃত (মুখ বন্ধ খামে) ৩য় দফায় দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র ফরম (সিডিউল) অফিস চলাকালীন সময়ে শুধুমাত্র স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা হতে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। আন্তঃউপজেলা খেয়া/ ট্রলারঘাট ইজারা বিষয়ে যে কোন তথ্য অফিস চলাকালীন এ কার্যালয়ের নোটিশ বোর্ড, স্থানীয় সরকার শাখা ও www.khulna.gov.bd ওয়েব সাইট এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া/ তেরখাদা/ফুলতলা/ ডুমুরিয়া/দাকোপ/পাইকগাছা/বটিয়াঘাটা হতে জানা যাবে। নির্ধারিত সময়ের পরে কোন সিডিউল বিক্রয় করা বা দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র নিম্নবর্ণিত তারিখ সকাল ৯.০০ মিনিট হতে দুপুর ১.০০ মিনিট পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার স্থানীয় সরকার শাখায় রক্ষিত বাক্সে দাখিল করতে হবে। একই তারিখে বিকাল ৩.০০ টার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতার নাম প্রকাশ্যে ঘোষণা করা হবে।

**আন্তঃউপজেলা খেয়া/ট্রলারঘাটসমূহের নাম, বাংলা ১৪৩৩ সালের সরকারি ইজারা মূল্য এবং সিডিউলের মূল্য তালিকা নিম্নরূপ :**

| ক্রমিক নম্বর | আন্তঃউপজেলা খেয়া/ ট্রলারঘাটের নাম | ঘাটের দু'পাড়ের অবস্থান (উপজেলা) | বাংলা ১৪৩৩ সনের সম্ভাব্য ইজারা মূল্য (টাকা) | সিডিউল মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | কেবল শিল্প খেয়াঘাট | দিঘলিয়া-ফুলতলা উপজেলা | ৯,৯০,০০০/= | ১৫০০/- |
| ২ | গুনারী-শান্তা খেয়াঘাট | দাকোপ-পাইকগাছা উপজেলা | ২০,৯১,১০১/= | ২৫০০/- |
| ৩ | পাশখালী খেয়াঘাট | দাকোপ-বটিয়াঘাটা উপজেলা | ৬৩,৩৭৯/= | ৮০০/- |
| ৪ | পারবটিয়াঘাটা খেয়াঘাট | বটিয়াঘাটা-ডুমুরিয়া উপজেলা | ১,৮১,৮৩০/= | ১০০০/- |
| ৫ | কামিনীবাসী-গড়ইখালী খেয়াঘাট | দাকোপ-পাইকগাছা উপজেলা | ৪,৪০,০০০/= | ১২০০/- |
| ৬ | বাসুর মা খেয়াঘাট | দিঘলিয়া-তেরখাদা উপজেলা | ৬,১৯,৬৩০/= | ১৫০০/- |
| ৭ | মোকামপুর খেয়াঘাট | দিঘলিয়া-তেরখাদা উপজেলা | ৭,৭৮,৪৩৪/= | ১৫০০/- |
| ৮ | গড়খালী (উত্তর)খেয়াঘাট | দাকোপ-পাইকগাছা উপজেলা | ৬,২৮৬/= | ৪০০/- |
| ৯ | নলিয়ান খেয়াঘাট | দাকোপ-পাইকগাছা উপজেলা | ২,২৪,৫৫২/= | ১০০০/- |
| ১০ | গড়খালী ট্রলার ঘাট | দাকোপ-পাইকগাছা উপজেলা | ৮৩,৭৪৬/= | ৮০০/- |

**দরপত্র বিজ্ঞপ্তির সময়সূচি (৩য় দফা):**

| পর্ব | দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | ইজারা কমিটির সভার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| পর্ব-১ | ১৩/০৫/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় | ১৪/০৫/২০২৬ তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ১৪/০৫/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা | ১৪/০৫/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা | সর্বসাধারণের জন্য (পাটনীগণকে অগ্রাধিকার দেয়া হবে) |
| পর্ব-২ | ২০/০৫/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় | ২১/০৫/২০২৬ তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ২১/০৫/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা | ২১/০৫/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা | ঐ |
| পর্ব-৩ | ০৩/০৬/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় | ০৪/০৬/২০২৬ তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত | ০৪/০৬/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা | ০৪/০৬/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা | ঐ |

## শর্তাবলি

১. জন্মগত পেশাদার পাটনীর ক্ষেত্রে যে ঘাটের দরপত্রে অংশগ্রহণ করবেন সেই ঘাটের নাম উল্লেখ করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হালনাগাদ জন্মগত পেশাদার পাটনীর সনদপত্র, সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং তিনি বা তার পিতা অতীতে যদি কোন খেয়াঘাটের ইজারা প্রাপ্ত হলে সেই ঘাটের ইজারা অনুমোদনপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২. সীলমোহরকৃত খামের উপর ঘাটের নাম, প্রেরক-দরদাতার নাম ও ঠিকানা এবং দরপত্রে দরদাতার নাম, পিতার নামসহ পূর্ণ ঠিকানা উল্লেখপূর্বক জাতীয় পরিচয়পত্র (এন.আই.ডি) এর ফটোকপি দাখিল করতে হবে। দরপত্র ফরমে কোন প্রকার কাটাকাটি/ ঘষামাজা/ উপর লিখন/অসম্পূর্ণ লিখন থাকলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৩. সকল পর্বে জন্মগত/পেশাদার পাটনী ও সর্বসাধারণ সবাই অংশ গ্রহণ করতে পারবে। তবে পাটনীগণকে অগ্রাধিকার দেয়া হবে। এ ক্ষেত্রে প্রস্তাবিত দর সরকারি দরের চেয়ে বেশি ও সর্বোচ্চ হতে হবে।

৪. দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের **২৫% টাকা** জামানত হিসেবে খুলনা শহরের যে কোন তফশিল ব্যাংক হতে জেলা প্রশাসক, খুলনার অনুকূলে ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।

৫. দরপত্র চূড়ান্ত অনুমোদনের পর সর্বোচ্চ দরদাতাকে ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের সমুদয় টাকা একসাথে হিসাব নম্বর ০২০০০০০৬৬৫৪১০ অগ্রণী ব্যাংক, ক্লে রোড শাখা, খুলনায় জমা দিয়ে জমা রশিদ দাখিল করতে হবে। মোট ইজারা মূল্যের উপর ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে সংশ্লিষ্ট খাতে জমা দিয়ে চালানের মূল কপি এ অফিসে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার টাকা, ভ্যাট এবং আয়কর জমা প্রদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে এবং পুনরায় দরপত্র আহবান করা হবে।

৬. ইজারা গ্রহীতা ইজারা গ্রহণকৃত ঘাট **সাব-লীজ** দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লঙ্ঘন ঘটে, তবে ইজারাদারের ইজারা বাতিল গণ্যসহ জমাকৃত টাকা বাজেয়াপ্ত এবং ইজারা গ্রহীতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. গৃহীত দরপত্রের সম্পূর্ণ টাকা, ভ্যাট ও আয়কর জমা দেয়ার পর 'ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯১' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদনের মাধ্যমে ইজারাদারের অনুকূলে খেয়া/ট্রলারঘাটের দখল প্রদান করা হবে। খেয়া/ট্রলারঘাট সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারিত স্থানে ইজারাদার ঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

৮. উল্লেখ্য, প্রতিটি পর্বে অনুমোদিত দরপত্রের খেয়াঘাটের বিপরীতে পরবর্তী পর্বে আর দরপত্র গ্রহণ করা হবে না। তবে দাখিলকৃত দরপত্রের দর কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক না হলে পরবর্তী পর্বে পুনরায় দরপত্র ফরম(সিডিউল) ক্রয়পূর্বক দাখিল করা যাবে। পূর্ববর্তী পর্বে ইজারা না হওয়া খেয়াঘাট ৩য় পর্ব পর্যন্ত নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল করা যাবে। দরপত্রের কাগজপত্র সঠিক থাকা সাপেক্ষে খেয়াঘাটের বিপরীতে সরকারি মূল্যের বেশি সর্বোচ্চ মূল্যের দাখিলকৃত দরপত্র গ্রহণ করা হবে।

৯. ইজারাদার যাত্রীদের পারাপারের জন্য উপযুক্ত নৌযান সরবরাহসহ অভিজ্ঞ মাঝি নিয়োগ এবং যাত্রীদের উঠানামার জন্য নিজ খরচে রাস্তা, ঘাট ও যাত্রী ছাউনি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন। ইজারাদার নিজ খরচে খেয়া/ট্রলারঘাট সংশ্লিষ্ট এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন। প্রতিদিন ভোর ৫.০০ টা থেকে রাত ১২.০০ টা পর্যন্ত যাত্রী পারাপারের ব্যবস্থা থাকতে হবে এবং রাতে যাত্রীদের পারাপারের সুবিধার্থে ঘাটের উভয়পার্শ্বে প্রয়োজনীয় আলোর ব্যবস্থা রাখতে হবে।

১০. তালিকায় বর্ণিত খেয়াঘাটসমূহ যে কোন প্রাকৃতিক দূর্যোগ বা মহামারী (ঘূর্ণিঝড়, বন্যা, সাইক্লোন, জলোচ্ছাস, নদী ভাঙন, নদীর নাব্যতা হ্রাস অথবা করোনা ভাইরাসের মতো যে কোন ধরনের মহামারি ইত্যাদি) চলাকালীন দেশের সার্বিক অবস্থা বিবেচনায় প্রশাসন কর্তৃক যে কোন ধরনের আদেশের মাধ্যমে বা প্রাকৃতিকভাবে বন্ধ থাকলে ইজারাদার খেয়াঘাট বন্ধ থাকাকালীন ক্ষতিপূরণ বাবদ কোন অর্থ দাবি করতে পারবেন না।

১১. খেয়া/ট্রলারঘাটের উভয় পাড়ে ইজারা প্রদানকারী প্রতিষ্ঠানের (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত) টোলরেট চার্ট ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে সহজে দর্শনীয় জায়গায় নোটিশ বোর্ড আকারে টানিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার সরকার কর্তৃক নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন। অতিরিক্ত পারানী/টোল আদায়কারীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. ইজারা প্রদত্ত খেয়াঘাটের সন্নিকটে বিআইডব্লিউটিএ কর্তৃক কোন ঘাট স্থাপন করে যাত্রী পারাপার (আড়াআড়ি পারাপার ব্যতীত) করলে কিংবা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ফেরী স্থাপনের মাধ্যমে যানবাহন/যাত্রী পারাপার করলে ইজারাদার ক্ষতিপূরণ দাবী বা ইজারা শর্ত পরিবর্তনের জন্য কোন আবেদন করতে পারবেন না।

১৩. ইজারা প্রদানকৃত খেয়াঘাটের বিষয়ে কোন মামলায় বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা বা কোন আদেশ পাওয়া গেলে প্রাপ্ত আদেশ ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক তাৎক্ষণিকভাবে প্রতিপালন করা হবে। এ ক্ষেত্রে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত ইজারাদার মানতে বাধ্য থাকবেন।

১৪. সাধারণভাবে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। সর্বাবস্থায় ইজারার সরকারি নীতিমালা অনুসরণযোগ্য। তবে সরকারি স্বার্থে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ দরপত্র বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


২১/০৫/২০২৩
হুরে জান্নাত
জেলা প্রশাসক, খুলনা
ও
আহবায়ক
আন্তঃউপজেলা খেয়া/ট্রলারঘাট ইজারা কমিটি
ফোনঃ ০২৪৭৭-৭২১১১১(অফিস)
e-mail: dckhulna@mopa.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪৪.৪৭০০.০০০.০২৪.০৩৩.০০১.২৬- ৬৮৩

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। বিভাগীয় কমিশনার, খুলনা
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা
৫। উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা/ডুমুরিয়া/ফুলতলা/বটিয়াঘাটা/দাকোপ/দিঘলিয়া/পাইকগাছা, খুলনা (ইজারা বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকল খেয়া/ট্রলারঘাটে টাঙানোসহ উপজেলার সকল হাট-বাজার/সংশ্লিষ্ট সকল খেয়া/ট্রলারঘাট/জনবহুল এলাকায় ঢোল সহরৎ ও মাইকিং করার জন্য অনুরোধ করা হলো)
৬। প্রশাসক, পাইকগাছা/ চালনা পৌরসভা, খুলনা
৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর, খুলনা
৮। ------------------------------------------------------------------------------------------------
৯। সহকারী কমিশনার (ভূমি), তেরখাদা/ডুমুরিয়া/ফুলতলা/বটিয়াঘাটা/দাকোপ/দিঘলিয়া/পাইকগাছা, খুলনা (ইজারা বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকল খেয়া/ট্রলারঘাটে টাঙানোসহ উপজেলার সকল হাট-বাজার/সংশ্লিষ্ট সকল খেয়া/ট্রলারঘাট/জনবহুল এলাকায় ঢোল সহরৎ ও মাইকিং করার জন্য অনুরোধ করা হলো)
১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধ করা হলো)
১১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধ করা হলো)
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, তেরখাদা/ডুমুরিয়া/ফুলতলা/বটিয়াঘাটা/দাকোপ/দিঘলিয়া/পাইকগাছা, খুলনা-(বিজ্ঞপ্তিটি তার নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
১৩। চেয়ারম্যান, -------------------------------ইউনিয়ন পরিষদ, উপজেলা-----------------------, খুলনা- (ইজারা বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকল খেয়া/ট্রলারঘাটে টাঙানোসহ উপজেলার সকল হাট-বাজার/সংশ্লিষ্ট সকল খেয়া/ট্রলারঘাট/জনবহুল এলাকায় ঢোল সহরৎ ও মাইকিং করার জন্য অনুরোধ করা হলো)
১৪। জনাব-------------------------------------পিতা---------------------------ঠিকানা------------------------------------------ (প্রাক্তন ইজারাদার/ইজারায় অংশ গ্রহণকারী)
১৫। নোটিশ বোর্ড
১৬। অফিস কপি

১১/০৫/২০২৬
মোঃ আরিফুল ইসলাম
উপপরিচালক
স্থানীয় সরকার, খুলনা
ও
সদস্য সচিব
আন্তঃউপজেলা খেয়া/ট্রলারঘাট ইজারা কমিটি
ফোনঃ ০২৪৭৭৭২৮১০৪(অফিস)
ই-মেইলঃ ddlgkhulna5@gmail.com